দৈনিক ইত্তেফাক

তারিখ 08 JAN 2008

# বেসরকারি স্কুল কোচিং সেন্টার ক্লিনিকের জন্য স্থানীয় সরকারের রেজিষ্ট্রেশন লাগবে

॥ জসীম উদ্দিন ॥

বেসরকারি পর্যায়ে স্কুল, হাসপাতাল, ক্লিনিক ও কোচিং সেন্টার স্থাপন করতে চাইলে স্থানীয় সরকার প্রতিষ্ঠান থেকে রেজিষ্ট্রেশন নিতে হবে। শুধু তাই নয়, এসব প্রতিষ্ঠান পরিচালনার জন্য স্থানীয় সরকারকে মাসে মাসে দিতে হবে নির্ধারিত অংকের ফি। আর সেই ফি নির্ধারণ করবে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন, পৌরসভা, উপজেলা ও ইউনিয়ন পরিষদ কর্তৃপক্ষ। বর্তমানে যেসব বেসরকারি স্কুল বা কোচিং সেন্টার চালু আছে সেগুলোকেও গ্রহণ করতে হবে স্থানীয় সরকারের রেজিষ্ট্রেশন। স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের আয় বাড়াতে এ উদ্যোগ নেয়া হয়েছে। এরফলে যত্রতত্র যখন তখন টিউটোরিয়াল স্কুল ও কোচিং সেন্টার প্রতিষ্ঠাও বন্ধ হবে বলে সংশ্লিষ্টরা আশা করছেন। স্থানীয় সরকার শক্তিশালীকরণ কমিটির সুপারিশের আলোকে সরকার এই ব্যবস্থা নিতে যাচ্ছে বলে জানিয়েছে সংশ্লিষ্ট একটি সূত্র। নির্বাচন কমিশনও (ইসি) কমিটির এই সুপারিশের সঙ্গে একমত পোষণ করেছে।

কমিশন শিগগির স্থানীয় সরকার মন্ত্রণালয়ে তাদের সুপারিশ পাঠাবে। এর আগে স্থানীয় সরকার শক্তিশালীকরণ কমিটিও তাদের রিপোর্ট মন্ত্রণালয়ে জমা দিয়েছে। সুপারিশগুলো অনুমোদনের পর স্থানীয় সরকার অধ্যাদেশ (সিটি কর্পোরেশন) ২০০৭ হিসাবে জারি হওয়ার পর এই বিধান কার্যকর হবে। ক্রমান্বয়ে অন্যান্য স্থানীয় সরকার প্রতিষ্ঠান অধ্যাদেশও জারি হবে।

এ বিষয়ে স্থানীয় সরকার শক্তিশালীকরণ কমিটির অন্যতম সদস্য ড. বদিউল আলম মজুমদার বলেন অধিকাংশ প্রাইভেট স্কুল হাসপাতাল ও কোচিং সেন্টারের উপর স্থানীয় সরকারের কোন নিয়ন্ত্রণ নেই। এক সময় শুধু শহরাঞ্চলে এসব প্রতিষ্ঠানের আধিক্য থাকলেও বর্তমানে মফস্বল শহর এমনকি গ্রামগঞ্জে সেগুলো ছড়িয়ে পড়েছে। স্থানীয় সরকারের আয় বাড়ানোর জন্যই এসব প্রতিষ্ঠানের নিবন্ধন ও মাসিক ফি নির্ধারণের সুপারিশ করা হয়েছে। তবে শিক্ষা এবং চিকিৎসা সেবা যাতে ব্যাহত না হয় সেজন্য নিবন্ধন ও মাসিক ফি যৌক্তিক পর্যায়ে রাখতে হবে।